DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 13 Sep 2026, 01:46 PM

খেলা

# ফাইনালে আর্জেন্টিনা, গরু জবাই করে ভূরিভোজের আয়োজন

প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




বিশ্বকাপ ফুটবলকে ঘিরে ভক্তদের উন্মাদনার শেষ নেই। আর্জেন্টিনার ফাইনাল ম্যাচ উপলক্ষে গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলার কুশলা ইউনিয়নের পবনাপাড় গ্রামে গরু জবাই করে ভূরিভোজের আয়োজন করেছেন আর্জেন্টিনার সমর্থকরা। পাশাপাশি এলাকার এতিম ও অসহায় মানুষের জন্যও খাবারের ব্যবস্থা করা হয়েছে।

রোববার (১৯ জুলাই) পবনাপাড় গ্রামের কেএম চাঁদ মিয়া পাবলিক লাইব্রেরি অ্যান্ড স্পোর্টিং ক্লাব চত্বরে এ আয়োজন করা হয়েছে।

আয়োজনকে ঘিরে সকাল থেকেই ক্লাব চত্বরে শত শত মানুষ জড়ো হতে থাকেন। এ ছাড়া উপজেলার বিভিন্ন এলাকায় ক্লাবে ক্লাবে বড় পর্দায় খেলা দেখার ব্যবস্থা করা হয়েছে।

শুধু ক্লাব বা সংগঠন নয়, বাড়ি বাড়িতেও বিশেষ খাবারের আয়োজন করা হয়েছে। পবনাপাড় গ্রামের আর্জেন্টিনার সমর্থক বরকতউল্লাহ বলেন, ২০২২ সালের বিশ্বকাপে আর্জেন্টিনার ফাইনাল ম্যাচ উপলক্ষে আমরা ভূরিভোজের আয়োজন করেছিলাম। সেই ধারাবাহিকতায়

এবারও ফাইনাল উপলক্ষে ১ লাখ ৩০ হাজার টাকা দিয়ে একটি গরু কিনেছি। এই আয়োজনের মাধ্যমে সবাই মিলে খেলা উপভোগ করব।

উপজেলা যুবদলের সদস্যসচিব ও আর্জেন্টিনার সমর্থক মান্নান শেখ বলেন, আর্জেন্টিনার ফাইনাল ম্যাচ উপলক্ষে কান্দি ইউনিয়নের আর্জেন্টিনা সমর্থকেরা ১২টি স্থানে প্রায় ৮ হাজার মানুষের খাবারের আয়োজন করেছেন। বড় পর্দায় খেলা দেখার পাশাপাশি যারা সেখানে উপস্থিত থাকবেন, তাদের সবার জন্য খাবারের ব্যবস্থা করা হয়েছে।

---

## এ বিভাগের আরও খবর




### নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ

নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারিয়েছে। আগে ব্য...



### জানুয়ারিতে বাংলাদেশে আসতে পারে ভারত

ভারতের বাংলাদেশ সফর নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ যেন কাটার নামই নিচ্ছে না। সব কিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরেই ঢাকায় পা রাখার কথা ছিল রোহিত-কোহ...




### টেস্ট র‍্যাঙ্কিংয়ে ছয়ে উঠল বাংলাদেশ

অস্ট্রেলিয়ায় দু'দিনের টেস্টের তিক্ততার মাঝেও আইসিসি থেকে এলো বড় সুখবর। টেস্ট ইতিহাসে নিজেদের সেরা র‍্যাঙ্কিংয়ে উঠে এসেছে বাংলাদেশ জাতীয়...




**তিন ইনিংসে ‘তিন ডাক’ লিটনের**

অস্ট্রেলিয়া সফরে ব্যাটে-বলে বাংলাদেশ লড়াইয়ের চেষ্টা চালালেও চরম ব্যর্থতার মধ্য দিয়ে সময় পার করছেন লিটন দাস। দুই টেস্টের তিন ইনিংসে ব্যাটিংয়ে...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/fainale-arjentina-gru-jbai-kre-bhuribhojer-ayojn